

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

বিআরপিডি সার্কুলার নং- ১৫

তারিখঃ ২৮ জুন, ২০০৩  
-----  
১৪ আষাঢ়, ১৪১০

প্রধান নির্বাহী

বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক।

প্রিয় মহোদয়,

**তফসিলী ব্যাংকসমূহ কর্তৃক যথাসময়ে এবং নির্ভুলভাবে বাংলাদেশ ব্যাংকে  
শ্রেণীবিন্যাসিত ঋণের বিবরণী প্রেরণ প্রসঙ্গে।**

উপরোক্ত বিষয়ে ০৬-১২-১৯৯৮ তারিখের বিআরপিডি সার্কুলার নং-১৬ এবং ১৮-০১-৯৯ ও ০১-০১-২০০৩ তারিখের বিআরপিডি সার্কুলার লেটার নং যথাক্রমে - ২ ও ১ এর প্রতি ব্যাংকসমূহের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

ব্যাংকসমূহকে ত্রৈমাসিক ভিত্তিতে ঋণ শ্রেণীবিন্যাস কার্যক্রম পরিচালনা করে নির্ধারিত তারিখের মধ্যে ঋণ শ্রেণীবিন্যাস, প্রতিশন ও স্থগিত সুদ হিসাব সংক্রান্ত বিস্তারিত তথ্য বাংলাদেশ ব্যাংকে প্রেরণের নির্দেশনা দেয়া থাকলেও কতিপয় ব্যাংক যথাসময়ে তা প্রেরণ করছে না। উপরন্তু প্রেরিত বিবরণীতে অসম্পূর্ণ/ভুল তথ্য সন্নিবেশিত থাকছে; যা নীতি নির্ধারণী কাজের অন্তরায় হিসাবে দেখা দিচ্ছে।

এমতাবস্থায়, নির্ধারিত সময়ের মধ্যে নির্ভুলভাবে বিবরণী দাখিলের জন্য আপনাদেরকে পরামর্শ দেয়া যাচ্ছে। নির্ধারিত সময়ের মধ্যে নির্ভুলভাবে বিবরণী দাখিলে ব্যর্থতার জন্য বাংলাদেশ ব্যাংক সংশ্লিষ্ট ব্যাংকের বিরুদ্ধে আইনানুগভাবে দণ্ড (Penalty) আরোপের বিষয় বিবেচনা করতে পারে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনার বিশ্বস্ত,

(মোঃ জাহাঙ্গীর আলম)  
উপ-মহাব্যবস্থাপক  
ফোনঃ ৭১২৫৮৪৪